# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের আওতাধীন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এর ২০১৭-২০১৮ অর্থ বছরের কমপ্লায়েন্স অডিট রিপোর্ট

রিপোর্ট নম্বর - ০৭/২০২১

# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের আওতাধীন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এর ২০১৭-২০১৮ অর্থ বছরের কমপ্লায়েন্স অডিট রিপোর্ট

রিপোর্ট নম্বর - ০৭/২০২১

# সূচিপত্র


| ক্রমিক নম্বর | বিবরণ | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| | **প্রথম অংশ** | |
| ১ | মুখবন্ধ | v |
| | **অধ্যায়-১** | |
| ২ | অডিট বিষয়ক সংক্ষিপ্ত তথ্যাবলী | ২-৪ |
| ৩ | নির্বাহী সারসংক্ষেপ | ৫ |
| | **অধ্যায়-২** | |
| ৫ | অডিট অনুচ্ছেদসমূহের সারসংক্ষেপ | ৭ |
| ৬ | অডিট অনুচ্ছেদসমূহের বিস্তারিত বিবরণ | ৮-১৭ |
| | **দ্বিতীয় অংশ** | |
| ৭ | পরিশিষ্টসমূহ | ১৯-৩৫ |

# প্রথম অংশ

# মুখবন্ধ

১। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১২৮(১) অনুযায়ী বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল প্রজাতন্ত্রের সরকারি হিসাবসমূহ এবং সকল আদালত, সরকারি কর্তৃপক্ষ ও কর্মচারীর হিসাব অডিট করার জন্য ক্ষমতাপ্রাপ্ত।

২। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের আওতাধীন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর ২০১৭-২০১৮ অর্থ বছরের আর্থিক কার্যাবলীর উপর সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তর কর্তৃক নমুনামূলক যাচাইয়ের মাধ্যমে অডিট সম্পাদনপূর্বক এই রিপোর্ট প্রণয়ন করা হয়েছে। সরকারি সম্পদ ও অর্থ ব্যবহারের ক্ষেত্রে চিহ্নিত গুরুতর আর্থিক অনিয়মসমূহ সংশ্লিষ্ট অংশীজনের নজরে আনয়ন করা এই রিপোর্টের মূল উদ্দেশ্য।

৩। এই অডিট রিপোর্টে অন্তর্ভুক্ত ০৫ টি অনুচ্ছেদে বর্ণিত অনিয়মসমূহ নিরীক্ষিত অফিস প্রধানসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয় এর প্রধান হিসাবদানকারী অফিসার বরাবর ইস্যু করা হয়েছে এবং তাঁদের জবাব প্রাপ্তি সাপেক্ষে বিবেচনাপূর্বক এই রিপোর্ট চূড়ান্ত করা হয়েছে।

৪। এই অডিট সম্পাদন ও এই রিপোর্ট প্রণয়নে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কর্তৃক জারিকৃত Government Auditing Standards অনুসরণ করা হয়েছে।

৫। জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৩২ অনুযায়ী এই অডিট রিপোর্ট মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

তারিখঃ ______ বঙ্গাব্দ
১৮/৭/২০২১ খ্রিস্টাব্দ

(মোহাম্মদ মুসলিম চৌধুরী)
বাংলাদেশের
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল

# অধ্যায়-১

# অডিট বিষয়ক সংক্ষিপ্ত তথ্যাবলী

**রিপোর্ট সম্পর্কিত তথ্য :** এই রিপোর্ট দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর ২০১৭-২০১৮ অর্থ বছরের আয়-ব্যয় এর উপর কমপ্লায়েন্স অডিট পরিচালনা করে প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য আইন, বিধি, প্রতিষ্ঠানের Key Performance Indicator (KPI) ইত্যাদি অডিট Criteria হিসেবে বিবেচনা করে উচ্চ ঝুঁকি ক্ষেত্র চিহ্নিত করে নমুনায়নের মাধ্যমে মাঠ পর্যায়ে নিরীক্ষা সমাপনান্তে রিপোর্টটি প্রস্তুত করা হয়েছে।

**অডিটি প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্য:**

- **প্রতিষ্ঠান পরিচিতি :** ২০১২ সালের নভেম্বর মাসে 'দুর্যোগ ব্যবস্থাপনা আইন-২০১২' অনুমোদন লাভের পর দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রনালয়ের অধীনে 'দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (ডিডিএম)' প্রতিষ্ঠিত হয়। দুর্যোগ ব্যবস্থাপনা আইনের উদ্দেশ্য বাস্তবায়ন এই অধিদপ্তরের মান্ডেট-ঝুঁকি হ্রাস কর্মসূচি গ্রহনের মাধ্যমে বিভিন্ন দুর্যোগের বিপদাপন্নতা হ্রাস করা বিশেষভাবে দরিদ্র ও সুবিধাবঞ্চিত মানুষের সামর্থ্য বৃদ্ধির জন্য কার্যকর মানবিক সহায়তা কর্মসূচি গ্রহণ করা , দুর্যোগ ঝুঁকি হ্রাস এবং জরুরী সাড়াদানের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন সরকারী ও অ-সরকারী সংস্থাসমূহ কর্তৃক গৃহিত বিভিন্ন কর্মসূচিরর মধ্যে সমন্বয় সাধন। দুর্যোগ ব্যবস্থাপনা এবং জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা নীতিমালা ও পরিকল্পনা সম্পর্কিত সরকারের নির্দেশাবলী এবং সুপারিশসমূহ বাস্তবায়ন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের (ডিডিএম) অন্যতম দায়িত্ব।

  মহাপরিচালকের নেতৃত্বে 'দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (ডিডিএম)'-বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, বৈজ্ঞানিক, কারিগরী, গবেষণা, শিক্ষা প্রতিষ্ঠান, উন্নয়ন সহযোগী, জাতিসংঘের এজেন্সিসমূহ, সরকার ও বিভিন্ন বেসরকারী সংস্থাসমূহ যারা দুর্যোগ ঝুঁকি হ্রাস এবং সাড়াদান ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট তাদের মধ্যে নেটওয়ার্কিং এবং সহযোগীরুপে কাজ করার উপর জোর দিয়ে থাকে।

  ডিডিএম গবেষণামূলক কর্মকান্ড, কর্মশালার আয়োজন এবং প্রশিক্ষণ কর্মসূচিসমূহের প্রতিবেদন ও ডকুমেন্টসমূহ প্রকাশ করা ছাড়াও বাংলাদেশ সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে বিভিন্ন ধরনের পলিসি বিষয়ক পরামর্শ প্রদান করে থাকে ।

- **প্রতিষ্ঠানের অর্গানোগ্রাম :**

- **প্রতিষ্ঠানের কার্যাবলী :**

দুর্যোগ ব্যবস্থাপনা আইন-২০১২ এর উদ্দেশ্য পূরণকল্পে অধিদপ্তরের দায়িত্ব ও কার্যাবলী নিম্নরূপঃ

(ক) দুর্যোগ ঝুঁকি হ্রাস কর্মসূচি গ্রহণের মাধ্যমে বিভিন্ন প্রকার দুর্যোগের ক্ষতিকর প্রভাব সহনীয় পর্যায়ে এনে সার্বিক দুর্যোগ লাঘব করা ;

(খ) দুর্যোগের কারণে ক্ষতিগ্রস্থ ও দুর্দশাগ্রস্থ জনগোষ্ঠীর জন্য জরুরি মানবিক সহায়তা, পুনরুদ্ধার ও পূর্নবাসন কর্মসূচি দক্ষতার সাথে পরিচালনা করা ;

(গ) দুর্যোগ ঝুঁকি হ্রাস ও জরুরী সাড়াদান কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সরকারি ও বেসরকারি সংস্থাসমূহের কার্যক্রম সমন্বিত লক্ষ্যভিত্তিক ও শক্তিশালী করা ;

(ঘ) দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে সরকার কর্তৃক প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন করা ;

(ঙ) জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা নীতিমালা ও জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা বাস্তবায়ন করা ;

(চ) সকল ধরনের দুর্যোগ মোকাবেলায় কার্যকর দুর্যোগ ব্যবস্থাপনা কাঠামো গড়ে তোলার লক্ষ্যে সমীচীন ও প্রয়োজনীয় বলে বিবেচিত অন্যান্য কার্যক্রম গ্রহণ করা।

- **প্রতিষ্ঠানের বাজেট ও ব্যয় বিশ্লেষণ :**

(অংক হাজার টাকা)

| ক্রমিক নম্বর | বাজেটের ধরন | মূল বাজেট বরাদ্দ | সংশোধিত বাজেট বরাদ্দ | মোট ব্যয় | উদ্বৃত্ত |
|---|---|---|---|---|---|
| ১. | অনুন্নয়ন | ৫৮৬৬৮২৭৮ | ৫৬১২৪২৬৮ | ৩৫৫০৫৪২১ | ২০৬১৮৮৪৭ |
| | উন্নয়ন | ২৯৮৬৩০০০ | ৩০৬৯৫৬৫৯ | ২১৯৩৫৫২৭ | ৮৭৬০১৩২ |
| | | সর্বমোট | ৮৬৮১৯৯২৭ | ৫৭৪৪০৯৪৮ | ২৯৩৭৮৯৭৯ |

**অডিটের আইনগত ভিত্তি:** গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১২৮(১) অনুযায়ী এই অডিট পরিচালনা করা হয়েছে।

**অডিটের পরিধি:** মঞ্জুরি নং-৪৫ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ২০১৭-১৮ অর্থ বছর ।

**অডিট প্লানিং ও অডিট পরিচালনা সংক্রান্ত তথ্য:**

- এন্ট্রি-মিটিং এর তারিখ : ১৩/০১/২০১৯ খ্রি.
- মাঠ পর্যায়ে অডিটের সময়কাল : ২৭/০১/২০১৯ খ্রি. হতে ১৬/০৫/২০১৯ খ্রি.
- এক্সিট-মিটিং এর সময়কাল : ২৫/৬/২০১৯ খ্রি.
- এআইআর জারির তারিখ : খসড়া এআইআর ১২/০৬/২০১৯ খ্রি., মূল এআইআর ০৮/০৭/২০১৯ খ্রি.
- সিএজি কার্যালয় কর্তৃক অনুমোদনের তারিখ : ২৮/১২/২০২০ খ্রি.
- অডিট সম্পাদনকারী অধিদপ্তর : সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা ।

- **অডিট কৌশল:** প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা ও সংগৃহীত তথ্যাবলীসমূহ হতে ঝুঁকি, Materiality ও স্যাম্পলিং নির্ধারণসহ অডিট পরিকল্পনা প্রণয়ন, নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করা এবং নিরীক্ষা কার্যক্রম সম্পাদনপূর্বক অডিট রির্পোট প্রণয়ন করা। উল্লেখ্য, স্যাম্পলিং নির্ধারণের ক্ষেত্রে Judgemental স্যাম্পলিং পদ্ধতি অনুসরণ করা হয়েছে। তাছাড়া প্রয়োজনে সাক্ষাতকার গ্রহণ, আলোচনা ও বাস্তব যাচাই করা হয়েছে।

# নির্বাহী সারসংক্ষেপ

সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তরের নিরীক্ষার আওতাধীন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এর ২০১৭-১৮ অর্থ বছরের বাজেট বরাদ্দের বিপরীতে সম্পাদিত কাজের রেকর্ডপত্র ও নমুনা সংগ্রহের মাধ্যমে পরিকল্পনা প্রণয়নপূর্বক অডিট করা হয়।

নিরীক্ষাকালে বেশ কিছু আর্থিক অনিয়ম ও বিধি-বিধানের লঙ্ঘন পরিলক্ষিত হয়েছে। মূলতঃ প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দুর্বলতা ও আর্থিক বিধি-বিধান পরিপালন না করার কারণে এই অডিট অনুচ্ছেদসমূহ উত্থাপিত হয়েছে। এই রিপোর্টে ০৫ টি অডিট অনুচ্ছেদ উত্থাপন করা হয়েছে এবং এতে জড়িত টাকার পরিমাণ যথাক্রমে ১০০,৯২,২৫,৯২৭ (একশত কোটি বিরানব্বই লক্ষ পঁচিশ হাজার নয়শত সাতাশ) টাকা যা মোট বরাদ্দের ১.১৬% । এই রিপোর্টের অন্তর্ভুক্ত উল্লেখযোগ্য অনিয়মসমূহ নিম্নরুপঃ

- পিপিআরসহ সরকারি বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ না করা।
- রাজস্ব প্রাপ্তিসহ অন্যান্য বিবিধ প্রাপ্তি যথাযথভাবে আদায় না করা ।
- প্রকল্পের গাড়ি প্রকল্পের কাজে ব্যবহার না করা।

নিরীক্ষিত প্রতিষ্ঠানসমূহের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা শক্তিশালীকরণ, সরকারি অর্থ আদায়ে ও ব্যয়ে প্রচলিত বিধি-বিধান, একই ধরনের অনিয়মের পুনরাবৃত্তি না ঘটা এবং পূর্ববর্তী নিরীক্ষার সুপারিশসমূহ বাস্তবায়ন না করার বিষয়ে কর্তৃপক্ষের মনোনিবেশ করার প্রয়োজনীয়তা এই অডিট রিপোর্টে প্রতিফলিত হয়েছে।

# অধ্যায়-২

# অডিট অনুচ্ছেদসমূহের সারসংক্ষেপ

| অনুচ্ছেদ নম্বর | শিরোনাম | জড়িত (টাকা) |
|---|---|---|
| ০১. | সর্বনিম্ন দরদাতার দর গ্রহণ না করে উর্ধ্ব দরে ঢেউটিন ক্রয় করায় সরকারের আর্থিক ক্ষতি | ১,৮৫,০৭,৩০০ |
| ০২. | পারস্পরিক যোগসাজশে একই পরিবারভুক্ত প্রতিষ্ঠানের মাধ্যমে শুকনা খাবার ক্রয় বাবদ পরিশোধ | ৪৩,৭৪,৯৬,৬২৬ |
| ০৩. | যোগসাজশমূলক কার্য সম্পাদনের মাধ্যমে কম্বল ক্রয় বাবদ ব্যয় | ৫৩,৯৯,৯৭,০০০ |
| ০৪. | ঠিকাদার/সরবরাহকারীর পরিশোধিত মোট বিল হতে প্রযোজ্য হারে উৎসে আয়কর কর্তন না করায় সরকারের আর্থিক ক্ষতি | ১,০১,৮৩,৬২৮ |
| ০৫. | সেতু/কালভার্ট নির্মাণ প্রকল্পের গাড়ি প্রকল্পের কাজে ব্যবহার না করে মন্ত্রণালয়ের বিভিন্ন কাজে ব্যবহার করায় জ্বালানী বাবদ অনিয়মিতভাবে পরিশোধ | ৩০,৪১,৩৭৩ |
| | মোট= | ১০০,৯২,২৫,৯২৭ |

(কথায় : একশত কোটি বিরানব্বই লক্ষ পঁচিশ হাজার নয়শত সাতাশ টাকা মাত্র)

# অডিট অনুচ্ছেদসমূহের বিস্তারিত বিবরণ

**অনুচ্ছেদ নং** : ০১

**শিরোনাম** : সর্বনিম্ন দরদাতার দর গ্রহণ না করে উর্ধ্ব দরে ঢেউটিন ক্রয় করায় সরকারের আর্থিক ক্ষতি ১,৮৫,০৭,৩০০ (এক কোটি পঁচাশি লক্ষ সাত হাজার তিনশত) টাকা।

**বিবরণ** : দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের আওতাধীন মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা কার্যালয়ের ২০১৭-১৮ অর্থ বছরে ত্রাণের ঢেউটিন ক্রয়ের ক্ষেত্রে সর্বনিম্ন দরদাতার দর গ্রহণ না করে উর্ধ্ব দরে ক্রয় করায় সরকারের ১,৮৫,০৭,৩০০ টাকার আর্থিক ক্ষতি হয়েছে।

ক) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা কার্যালয়ের ত্রাণের ঢেউটিন ক্রয় সংক্রান্ত কার্যাদেশসমূহ যাচাইকালে দেখা যায় যে, বর্ণিত কার্যালয়ে ৯৫৫ মেট্রিক টন ঢেউটিন ক্রয়ের ৩য় লটের জন্য ২০/০৪/২০১৮ খ্রি. তারিখে ৩য় বার দরপত্র আহ্বান করা হলে মোট ৫টি প্রতিষ্ঠান দরপত্র দাখিল করে। এর মধ্যে ২টি প্রতিষ্ঠানের উদ্ধৃত স্পেসিফিকেশনের সাথে দরপত্রে আহবানকৃত স্পেসিফিকেশন সঠিক না হওয়ায় নন রেসপনসিভ করা হয়। অপরদিকে অন্য তিনটি দরদাতা প্রতিষ্ঠানের মধ্যে এ্যাপোলো ইস্পাত কমপ্লেক্স লিঃ কর্তৃক দাখিলকৃত স্পেসিফিকেশন এ দেখা যায়, দরপত্রে আহবানকৃত ৪টি স্পেসিফিকেশনের মধ্যে ৩টির যাচিত গুণগতমান কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদারের উদ্ধৃত স্পেসিফিকেশনের তুলনায় ভাল এবং কেবল ১টির যাচিতমান মাত্র ০১ মি.মি. বেশি হওয়ায় (দৈর্ঘ্যের চাহিদাকৃত মান ২৭৫৮ মি.মি., দরদাতার প্রদত্ত মান ২৭৫৯ মি.মি.) নিম্ন দরদাতা হওয়া সত্ত্বেও তাকে নন-রেসপনসিভ ঘোষণা করে উর্ধ্ব দরদাতা এবং উৎপাদনকারী প্রতিষ্ঠান না হওয়া সত্ত্বেও মেসার্স সানজি ট্রেড ইন্টারন্যাশনালকে কার্যাদেশ প্রদান করা হয়।

তাছাড়া, কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদার মেসার্স সানজি ট্রেড ইন্টারন্যাশনাল কর্তৃক ঈগল মার্কা ঢেউটিন সরবরাহের জন্য নমুনা জমা দেয়া হয় কিন্তু বাস্তবে সরবরাহ করা হয় এ্যারাবিয়ান হর্স মার্কা ঢেউটিন। এরপরও উক্ত সরবরাহকারীকে ৩য় লটের ৯৫৫ মেট্রিক টন এর অতিরিক্ত ১৫% অর্থাৎ অতিরিক্ত ১৪৩ মেট্রিক টন ঢেউটিন সরবরাহের আদেশ দেয়া হয়। ফলে সর্বনিম্ন দরদাতা এ্যাপোলো ইস্পাত কমপ্লেক্স লিঃ কে কার্যাদেশ না দিয়ে উর্ধ্ব দরদাতা মেসার্স সানজি ট্রেড ইন্টারন্যাশনালকে কার্যাদেশ প্রদান করায় লট-০৩ এর ক্ষেত্রে সরকারের মোট ৮৬,৭৪,০০০ টাকার আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।

অধিকন্তু, মেসার্স সানজি ট্রেড ইন্টারন্যাশনাল কর্তৃক সরবরাহকৃত টিনের দৈর্ঘ্য চাহিত দৈর্ঘ্যের চেয়ে ৯ মিলিমিটার কম (দৈর্ঘ্যের চাহিদাকৃত মান ২৭৫৮ মি.মি., সরবরাহকৃত টিনের দৈর্ঘ্য ২৭৪৯ মি.মি.) ।

খ) একইভাবে, লট ০২ এর ক্ষেত্রে সর্বনিম্ন দরদাতা এ্যাপোলো ইস্পাত কমপ্লেক্স লিঃ কে কার্যাদেশ না দিয়ে উর্ধ্বদর উদ্ধৃতকারী ঠিকাদার মেসার্স জেবি ইন্টারন্যাশনালকে কার্যাদেশ প্রদান করায় লট-০২ এর ক্ষেত্রে সরকারের মোট ৯৮,৩৩,৩০০ টাকা আর্থিক ক্ষতি সাধিত হয়েছে। ফলে ২টি লটের ক্ষেত্রে সরকারের সর্বমোট ৮৬,৭৪,২০০+৯৮,৩৩,১০০=১,৮৫,০৭,৩০০ টাকা আর্থিক ক্ষতি হয়েছে [বিস্তারিত বিবরণ দ্বিতীয় অংশ, পরিশিষ্ট: ক-১ ও ক-২, পৃষ্ঠা ২০-২১] ।

| | | |
|---|---|---|
| **অনিয়মের কারণ** | : | পিপিএ, ২০০৬ এর ধারা ৩১ অনুসরণ না করায় অনিয়ম সংঘটিত হয়েছে। |
| **নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব** | : | সর্বনিম্ন দরদাতা রেসপনসিভ না হওয়ায় ২য় সর্বনিম্ন দরদাতাকে কাজ দেয়া হয়েছে। |
| **নিরীক্ষার মন্তব্য** | : | সিআইসিটের আন্তর্জাতিক গুণগতমান এর বিষয়টি ঢেউটিনের টেকসই ও জিংক কোটিংসহ বেসমেটাল এর পুরুত্বের উপর নির্ভর করে। এক্ষেত্রে দৈর্ঘ্য বিবেচ্য বিষয় হলেও মূল বিবেচ্য বিষয় নয়। এ বিবেচনায় কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদারের চেয়ে এ্যাপোলো ইস্পাত কমপ্লেক্স লিঃ এর উদ্ধৃত টিনের মান ভাল। এছাড়া সরবরাহকৃত টিনের দৈর্ঘ্য চাহিত দৈর্ঘ্যের চেয়ে ৯ মিলিমিটার কম হওয়া সত্ত্বেও কিভাবে এবং কোন যুক্তিতে মেসার্স সানজি ট্রেড ইন্টারন্যাশনাল এবং মেসার্স জে বি ইন্টারন্যাশনাল এর নিকট থেকে যথাক্রমে ১০৯৮ মেট্রিক টন ও ১০৯৫ মেট্রিক টন টিন কেনা হলো সেটি প্রশ্নবিদ্ধ।<br>বিষয়টি গুরুতর আর্থিক অনিয়ম হিসাবে চিহ্নিত করা হয়। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় বরাবর ০৯/০৭/২০১৯ খ্রি. তারিখে চূড়ান্ত প্রতিবেদন দাখিলের পর ২৭/০৮/২০১৯ খ্রি. তারিখের পত্র নং ৬৭ এর মাধ্যমে তাগিদপত্র ইস্যু করা হলেও অদ্যাবধি কোন প্রকার নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি। |
| **নিরীক্ষার সুপারিশ** | : | দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক এই ক্রয়কার্যের সাথে জড়িতদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করে আপত্তিকৃত অর্থ আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা করা আবশ্যক। |

**অনুচ্ছেদ নং** : ০২

**শিরোনাম** : পারস্পরিক যোগসাজশে একই পরিবারভুক্ত প্রতিষ্ঠানের মাধ্যমে শুকনা খাবার ক্রয় বাবদ ৪৩,৭৪,৯৬,৬২৬ (তেতাল্লিশ কোটি চুয়াত্তর লক্ষ ছিয়ানব্বই হাজার ছয়শত ছাব্বিশ) টাকা পরিশোধ।

**বিবরণ** : দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের আওতাধীন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা কার্যালয়ের ২০১৭-২০১৮ অর্থ বছরে পারস্পরিক যোগসাজশে একই পরিবারভুক্ত প্রতিষ্ঠানের মাধ্যমে শুকনা খাবার ক্রয় বাবদ ৪৩,৭৪,৯৬,৬২৬ (তেতাল্লিশ কোটি চুয়াত্তর লক্ষ ছিয়ানব্বই হাজার ছয়শত ছাব্বিশ) টাকা পরিশোধ করা হয়েছে।

শুকনা খাবার ক্রয় এর পরিশোধিত বিল/ভাউচার অন্যান্য রেকর্ড পত্রাদি যাচাইকালে দেখা যায় যে, ১ম লটে দাখিলকৃত দরদাতা প্রতিষ্ঠান ৭টি। উক্ত ৭টি প্রতিষ্ঠানের মধ্যে ৪টি প্রতিষ্ঠানের কাগজপত্র সঠিক না থাকায় এবং অভিজ্ঞতার সনদ দাখিল না করায় নন-রেসপনসিভ হিসেবে গণ্য করা হয়। অবশিষ্ট তিনটি প্রতিষ্ঠানের (মেসার্স প্রভাতী এন্ড কোং, মেসার্স তালুকদার এন্ড কোং এবং নিতী কনস্ট্রাকশন) কাগজপত্র সঠিক পাওয়া যায় এবং রেসপনসিভ হিসেবে গণ্য করা হয়। এর মধ্যে মেসার্স তালুকদার এন্ড কোং কে সর্বনিম্ন দরদাতা হিসেবে গণ্য করে কার্যাদেশ প্রদান করা হয় [বিস্তারিত বিবরণ দ্বিতীয় অংশ, পরিশিষ্ট : খ-২, পৃষ্ঠা ২৪]।

২য় লটে ৬টি প্রতিষ্ঠান দরপত্রে অংশগ্রহণ করে, উক্ত ৬টি প্রতিষ্ঠানের মধ্যে ০৪টি প্রতিষ্ঠানের কাগজপত্র সঠিক না থাকায় এবং অভিজ্ঞতার সনদ দাখিল না করায় নন-রেসপনসিভ হিসেবে গণ্য করা হয়। অবশিষ্ট মেসার্স প্রভাতী এন্ড কোং এবং মেসার্স তালুকদার এন্ড কোং এর কাগজপত্র সঠিক পাওয়ায় রেসপনসিভ হিসেবে গণ্য করে মেসার্স তালুকদার এন্ড কোং কে সর্বনিম্ন দরদাতা হিসেবে কার্যাদেশ প্রদান করা হয় [বিস্তারিত বিবরণ দ্বিতীয় অংশ, পরিশিষ্ট: খ-২, পৃষ্ঠা ২৪]।

৩য় লটে মোট ০৬টি দরদাতার দরপত্র পাওয়া যায়। উক্ত ০৬টি প্রতিষ্ঠানের মধ্যে ০৪টি প্রতিষ্ঠানের কাগজপত্র সঠিক না থাকায় এবং অভিজ্ঞতার সনদ দাখিল না করায় নন-রেসপনসিভ হিসেবে বিবেচিত হয়। অবশিষ্ট ২টি প্রতিষ্ঠান মেসার্স প্রভাতী এন্ড কোং এবং মেসার্স তালুকদার এন্ড কোং এর কাগজপত্র সঠিক পাওয়ায় রেসপনসিভ হিসেবে বিবেচনা করে মেসার্স তালুকদার এন্ড কোং কে সর্বনিম্ন দরদাতা হিসেবে কার্যাদেশ দেয়া হয় [বিস্তারিত বিবরণ দ্বিতীয় অংশ, পরিশিষ্ট: খ-২, পৃষ্ঠা ২৪]।

তাছাড়া ১৫% অতিরিক্ত ক্রয়ের ক্ষেত্রে ২৭-০৮-২০১৭ খ্রি. তারিখে জরুরি ভিত্তিতে শুকনা ও অন্যান্য খাবার ক্রয়ের জন্য দরপত্র আহ্বান করা হয়। ২৫-০৯-২০১৭ খ্রি. তারিখে উক্ত দরপত্র উন্মুক্তকরণ কমিটির কার্যবিবরণীতে দেখা যায় ০৩টি দরদাতা প্রতিষ্ঠান দরপত্র দাখিল করে। তারা যথাক্রমে মেসার্স তালুকদার এন্ড কোং, মেসার্স প্রভাতী এন্ড কোং এবং শুভেচ্ছা এন্টারপ্রাইজ। উক্ত ০৩টি প্রতিষ্ঠানের মধ্যে মেসার্স তালুকদার এন্ড কোং এবং শুভেচ্ছা এন্টারপ্রাইজের কাগজপত্র সঠিক না থাকায় নন রেসপনসিভ হিসেবে ঘোষণা করে মেসার্স প্রভাতী এন্ড কোং কে সর্বনিম্ন দরদাতা হিসেবে গণ্য করা হয়।

এখানে উল্লেখ্য যে, কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠানগুলোর বিস্তারিত বিবরণে দেখা যায় এরা একই পরিবারভুক্ত প্রতিষ্ঠান এবং একই ঠিকানা বিশিষ্ট [বিস্তারিত বিবরণ দ্বিতীয় অংশ, পরিশিষ্ট: খ-১, পৃষ্ঠা ২৩]।

এ থেকে স্পষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহকে অনিয়মিতভাবে নন-রেসপনসিভ করা হয়েছে এবং উদ্দেশ্য প্রণোদিতভাবে একই পরিবারভুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের মাধ্যমে শুকনা খাবার ক্রয়ের চুক্তি সম্পাদনপূর্বক কার্যাদেশ দেয়া হয়েছে, এবং নির্দিষ্ট কিছু ঠিকাদারকে বারবার কাজ দেবার উদ্দেশ্যে দরপত্রে অংশ গ্রহণকে সংকুচিত করা হয়েছে যা পিপিআর, ২০০৮ এর ১২৭(২)(গ) বিধি মোতাবেক চক্রান্ত বা যোগসাজশমূলক কার্য সম্পাদন বুঝায় এবং বিধি ১২৭(৮) এর উদাহরণ-৩ মোতাবেক চক্রান্তমূলক অপরাধ হিসেবে গণ্য [বিস্তারিত বিবরণ দ্বিতীয় অংশ, পরিশিষ্ট:খ-২, পৃষ্ঠা ২৪]।

**অনিয়মের কারণ** : পিপিআর, ২০০৮ এর বিধি ১২৭ অনুসরণ না করায় অনিয়ম সংঘটিত হয়েছে।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব** : পিপিআর অনুযায়ী পণ্য ক্রয় করা হয়েছে।

**নিরীক্ষার মন্তব্য** : একই পরিবারভুক্ত প্রতিষ্ঠানকে কাজ দেয়ার অভিপ্রায়ে দরপত্রে অংশগ্রহণকারী অন্যান্য প্রতিষ্ঠান নিম্ন দরদাতা হলেও কৌশলে নন-রেসপনসিভ করা হয়েছে এবং উদ্দেশ্য প্রণোদিতভাবে ক্রয় কার্য সম্পাদন করা হয়েছে। বিষয়টি গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করা হয়। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় বরাবরে ০৯/০৭/২০১৯ খ্রি. তারিখে চূড়ান্ত প্রতিবেদন দাখিলের পর ২৭/০৮/২০১৯ খ্রি. তারিখের পত্র নং ৬৭ এর মাধ্যমে তাগিদপত্র ইস্যু করা হলেও অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ** : অনিয়মিতভাবে ক্রয়ে আর্থিক ক্ষতির বিষয়ে দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক জড়িতদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ আবশ্যক।

**অনুচ্ছেদ নং** : ০৩

**শিরোনাম** : যোগসাজশমূলক কার্য সম্পাদনের মাধ্যমে কম্বল ক্রয় বাবদ ৫৩,৯৯,৯৭,০০০ (তিপ্পান্ন কোটি নিরানব্বই লক্ষ সাতানব্বই হাজার) টাকা ব্যয়।

**বিবরণ** : দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের আওতাধীন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা কার্যালয়ের ২০১৭-২০১৮ অর্থ বছরে যোগসাজশমূলক কার্য সম্পাদনের মাধ্যমে কম্বল ক্রয় বাবদ ৫৩,৯৯,৯৭,০০০ টাকা ব্যয় করা হয়েছে।

কম্বল ক্রয়ের বিল/ভাউচার, টেন্ডার ডকুমেন্ট ও সংশ্লিষ্ট রেকর্ডপত্র যাচাইকালে পরিলক্ষিত হয় যে, স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক কতিপয় ঠিকাদারের সাথে যোগসাজশ করে একই দরপত্রের ভিন্ন ভিন্ন লটের জন্য নির্দিষ্ট ঠিকাদারকে নির্বাচন করে পিপিআর, ২০০৮ এর বিধি-১২৭(২)(গ) অনুযায়ী যোগসাজশমূলক কার্য সম্পাদন করা হয়েছে যা বিধি ১২৭(৮) এর উদাহরণ-৩ মোতাবেক চক্রান্তমূলক অপরাধ হিসেবে গণ্য [বিস্তারিত বিবরণ দ্বিতীয় অংশ, পরিশিষ্টঃ গ, পৃষ্ঠা ২৫]।

ক) ১ম লটে ০৭ টি প্রতিষ্ঠান দরপত্র দাখিল করে। প্রতিষ্ঠানসমূহ যথাক্রমে মেসার্স তালুকদার এন্ড কোং, মেসার্স প্রভাতী এন্ড কোং, স্ট্যান্ডার্ড বিজনেস লাইন, মেসার্স কাজলা টেকনোলজিস, মেসার্স কাজলা ট্রেডিং, মেসার্স শুভেচ্ছা এন্টারপ্রাইজ এবং মেসার্স আবুল হোসেন। উক্ত প্রতিষ্ঠানসমূহের মধ্যে ১ম সর্বনিম্ন দরদাতা মেসার্স শুভেচ্ছা এন্টারপ্রাইজ এবং ২য় সর্বনিম্ন মেসার্স আবুল হোসেন। স্থানীয় কর্তৃপক্ষ সর্বনিম্ন দরদাতাকে নন-রেসপনসিভ ঘোষণা করে ৩য় সর্বনিম্ন দরদাতা মেসার্স তালুকদার এন্ড কোং কে কার্যাদেশ প্রদান করেন।

খ) ২য় লটে অনুরূপভাবে ৭টি প্রতিষ্ঠান দরপত্রে অংশগ্রহণ করে। অংশগ্রহণকৃত দরদাতাগণের মধ্যে ১ম সর্বনিম্ন দরদাতা মেসার্স রিকতিকা এন্ড কোং এর প্রতিটি কম্বলের দাখিলকৃত দর ৪৪৫ টাকা। স্থানীয় কর্তৃপক্ষ মেসার্স রিকতিকা এন্ড কোং এর দরপত্র নন-রেসপনসিভ ঘোষণা করে ৬ নং সর্বনিম্ন দরদাতা মেসার্স কাজলা ট্রেডিংকে প্রতিটি কম্বল ৬১৪ টাকা হারে সরবরাহের কার্যাদেশ প্রদান করেন।

গ) ৩য় লটে ৬ টি প্রতিষ্ঠান দরপত্রে অংশগ্রহণ করে। অংশগ্রহণকৃত দরদাতাগণের মধ্যে ১ম সর্বনিম্ন দরদাতা মেসার্স শুভেচ্ছা এন্টারপ্রাইজ যার প্রতিটি কম্বলের দাখিলকৃত দর ৪৫৫ টাকা। স্থানীয় কর্তৃপক্ষ উক্ত সর্বনিম্ন দরদাতাকে নন-রেসপনসিভ গণ্য করে ৩য় সর্বনিম্ন দরদাতা মেসার্স তালুকদার এন্ড কোং কে ৬১৯ টাকা হারে কম্বল সরবরাহের কার্যাদেশ প্রদান করেন।

ঘ) ৪র্থ লটে ৭টি প্রতিষ্ঠান দরপত্রে অংশগ্রহণ করে। অংশগ্রহণকৃত দরদাতাগণের মধ্যে প্রথম সর্বনিম্ন দরদাতা মেসার্স রিকতিকা এন্ড কোং যার প্রতিটি কম্বলের দাখিলকৃত দর ৪৪২ টাকা। স্থানীয় কর্তৃপক্ষ উক্ত সর্বনিম্ন দরদাতাকে নন-রেসপনসিভ গণ্য করে ৪র্থ সর্বনিম্ন দরদাতা মেসার্স কাজলা টেকনোলজিসকে প্রতিটি কম্বল ৬১৫ টাকা হারে সরবরাহের কার্যাদেশ প্রদান করেন।

ঙ) ৫ম লটে ০৮টি প্রতিষ্ঠান দরপত্র দাখিল করে। অংশগ্রহণকৃত দরদাতাগণের মধ্যে ১ম সর্বনিম্ন দরদাতা মেসার্স আবুল হোসেন যার প্রতিটি কম্বলের দাখিলকৃত দর ৫৭২ টাকা। স্থানীয় কর্তৃপক্ষ

সর্বনিম্ন দরদাতাকে নন-রেসপনসিভ গণ্য করে ২য় সর্বনিম্ন দরদাতা মেসার্স প্রভাতী এন্ড কোং কে প্রতিটি কম্বল ৬১৮ টাকা হারে সরবরাহের কার্যাদেশ প্রদান করেন।

**অনিয়মের কারণ** : পিপিআর, ২০০৮ এর বিধি ১২৭ অনুসরণ না করায় অনিয়ম সংঘটিত হয়েছে।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব** : পিপিআর অনুযায়ী কম্বল ক্রয় করা হয়েছে।

**নিরীক্ষার মন্তব্য** : একই মালিকানাভুক্ত প্রতিষ্ঠানকে কাজ দেওয়ার অভিপ্রায়ে দরপত্রে অংশগ্রহণকারী অন্যান্য প্রতিষ্ঠান নিম্ন দরদাতা হলেও কৌশলে নন-রেসপনসিভ করা হয়েছে এবং উদ্দেশ্য প্রণোদিতভাবে ক্রয় কার্য সম্পাদন করা হয়েছে। বিষয়টি গুরুতর আর্থিক অনিয়ম। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় বরাবরে ০৯/০৭/২০১৯ খ্রি. তারিখে চূড়ান্ত প্রতিবেদন দাখিলের পর ২৭/০৮/২০১৯ খ্রি. তারিখের পত্র নং ৬৭ এর মাধ্যমে তাগিদপত্র ইস্যু করা হলেও অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ** : দায়-দায়িত্ব নিরূপণসহ ক্রয় কার্যের সাথে জড়িতদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

**অনুচ্ছেদ নং** : ০৪

**শিরোনাম** : ঠিকাদার/সরবরাহকারীর পরিশোধিত মোট বিল হতে প্রযোজ্য হারে উৎসে আয়কর কর্তন না করায় সরকারের ১,০১,৮৩,৬২৮ (এক কোটি এক লক্ষ তিরাশি হাজার ছয়শত আটাশ) টাকা আর্থিক ক্ষতি।

**বিবরণ** : দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের আওতাধীন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা কার্যালয়ের ঠিকাদার/সরবরাহকারীর পরিশোধিত মোট বিল হতে প্রযোজ্য হারে উৎসে আয়কর কর্তন না করায় সরকারের ১,০১,৮৩,৬২৮ (এক কোটি এক লক্ষ তিরাশি হাজার ছয়শত আটাশ) টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

(ক) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের আওতাধীন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা কার্যালয়ের সংশ্লিষ্ট রেকর্ডপত্র, বিল/ভাউচার নিরীক্ষাকালে পরিলক্ষিত হয় যে, বিভিন্ন ধরনের মালামাল সরবরাহ, পরিবহন, লোডিং ও আনলোডিং বাবদ পরিশোধিত বিল হতে জাতীয় রাজস্ব বোর্ডের এস, আর, ও নং- ২৫৭- আইন/২০১৭ তারিখ ১-০৮-২০১৭ খ্রি. এবং আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর সেকশন ৫২ এবং আয়কর বিধিমালা, ১৯৮৪ এর বিধি ১৬ এর নির্দেশনা মোতাবেক নির্ধারিত হারের চেয়ে কম হারে আয়কর কর্তন করায় সরকারের ৯৩,০৩,৫১৫ টাকা আর্থিক ক্ষতি হয়েছে [ বিস্তারিত বিবরণ দ্বিতীয় অংশ, পরিশিষ্ট: ঘ-১, পৃষ্ঠা ২৭-২৮]।

(খ) ২০১৭-২০১৮ অর্থ বছরে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ২টি প্রতিষ্ঠানের মাধ্যমে আউট সোর্সিং খাতে জনবল সরবরাহ বাবদ (৪,৯৬,১৮,২০৩+১,৮২,৯১,১১০)=৬,৭৯,০৯,৩১৩ টাকা পরিশোধ করে। উক্ত পরিশোধকৃত অর্থের কমিশন ১২% এর উপর অর্থ আইন/২০১৭, আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ৫২এ এর সাব সেকশন (১) আয়কর টেবিলের সিরিয়াল নং-৩ এর a ও b এবং উদাহরণ ৭-২ এর নির্দেশনা মোতাবেক নির্ধারিত হারের চেয়ে কম হারে আয়কর কর্তন করায় সরকারের ৮,৮০,১১৩ টাকা আর্থিক ক্ষতি হয়েছে [ বিস্তারিত বিবরণ দ্বিতীয় অংশ, পরিশিষ্ট: ঘ-২, পৃষ্ঠা ২৯ ]।

সুতরাং ঠিকাদার/সরবরাহকারী এবং জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের পরিশোধিত বিলের বিপরীতে সর্বমোট (৯৩,০৩,৫১৫+৮,৮০,১১৩)=১,০১,৮৩,৬২৮ টাকা উৎসে আয়কর কম কর্তন করায় সরকারের উল্লিখিত পরিমাণ আর্থিক ক্ষতি হয়েছে।

**অনিয়মের কারণ** : এস,আর,ও নং-২৫৭-আইন/২০১৭ তাং-১/০৮/২০১৭ খ্রি. এবং আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর সেকশন ৫২ এবং আয়কর বিধিমালা, ১৯৮৪ এর বিধি ১৬ লঙ্ঘন ।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব** : আয়কর বিধিমালা অনুযায়ী আয়কর কর্তন করা হয়েছে। চূড়ান্ত প্রতিবেদন পাওয়ার পর যাচাই করে ব্যবস্থা গ্রহণ করা হবে।

**নিরীক্ষার মন্তব্য** : স্থানীয় কর্তৃপক্ষের জবাব যথাযথ নয়। কেননা আলোচ্য ক্ষেত্রে সরকারি আদেশ লঙ্ঘন করে পরিশিষ্টে উল্লিখিত ঠিকাদারসমূহের বিল পরিশোধ কালে সরকার নির্ধারিত হারের চেয়ে কম হারে উৎসে আয়কর কর্তন করা হয়েছে। সুতরাং আপত্তিকৃত অর্থ আদায়যোগ্য। বিষয়টি গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে

চিহ্নিত করে  সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় বরাবরে ০৯/০৭/২০১৯ খ্রি. তারিখে চূড়ান্ত প্রতিবেদন দাখিলের পর ২৭/০৮/২০১৯ খ্রি. তারিখের পত্র নং ৬৭ এর মাধ্যমে তাগিদপত্র ইস্যু করা হলেও অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ** : আপত্তিকৃত টাকা সংশ্লিষ্ট দায়ী ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

**অনুচ্ছেদ নং** : ০৫

**শিরোনাম** : সেতু/কালভার্ট নির্মাণ প্রকল্পের গাড়ি প্রকল্পের কাজে ব্যবহার না করে মন্ত্রণালয়ের বিভিন্ন কাজে ব্যবহার করায় জ্বালানী ব্যয় বাবদ ৩০,৪১,৩৭৩ (ত্রিশ লক্ষ একচল্লিশ হাজার তিনশত তিয়াত্তর) টাকা পরিশোধ।

**বিবরণ** : দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের আওতাধীন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা ও এর নিয়ন্ত্রণাধীন ৮টি জেলা ত্রাণ অফিস (বরিশাল, মানিকগঞ্জ, রাজশাহী, দিনাজপুর, ময়মনসিংহ, চট্টগ্রাম, রাঙ্গামাটি ও কক্সবাজার) এর ২০১৭-১৮ অর্থ বছরের সেতু/কালভার্ট নির্মাণ প্রকল্পের গাড়ি প্রকল্পের কাজে ব্যবহার না করে মন্ত্রণালয়ের বিভিন্ন কাজে ব্যবহার করায় জ্বালানী বাবদ ৩০,৪১,৩৭৩ টাকা অনিয়মিতভাবে পরিশোধ করা হয়েছে।

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এর নিয়ন্ত্রণাধীন প্রকল্পের **১২**টি গাড়ি ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়কে ব্যবহারের জন্য দেওয়া হয়। উক্ত **১২**টি গাড়ির জ্বালানী খরচ গাড়ি ব্যবহারকারীর অফিস হতে পরিশোধ না করে সেতু/কালভার্ট নির্মাণ প্রকল্পের জ্বালানী খাতে বরাদ্দকৃত অর্থ হতে অনিয়মিত ভাবে পরিশোধ করা হয়েছে [বিস্তারিত বিবরণ দ্বিতীয় অংশ, পরিশিষ্ট: ঙ-১, ঙ-২, পৃষ্ঠা ৩১-৩৫]।

**অনিয়মের কারণ** : যানবাহন ব্যবহারকারীর অফিস কর্তৃক জ্বালানী ব্যয় নির্বাহ না করায় অনিয়ম।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব** : মন্ত্রণালয়ের অধীন এবং অধিদপ্তরের যাবতীয় কাজের জন্য মন্ত্রণালয়কে জবাবদিহি করতে হয় বিধায় অধিদপ্তর এবং মাঠ পর্যায়ের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনার স্বার্থে গাড়িগুলো ব্যবহার করা হয়েছে। সরকারি কাজের জন্য গাড়িগুলো ব্যবহার হয়েছে এ ক্ষেত্রে অপচয় করা হয়নি। অতএব অনুচ্ছেদে বর্ণিত অর্থ নিষ্পত্তি হিসাবে গণ্য করার জন্য অনুরোধ করা হলো।

**নিরীক্ষার মন্তব্য** : প্রকল্পের গাড়ি প্রকল্পের কাজের জন্য নির্ধারিত। যে উদ্দেশ্যে গাড়ি ক্রয় করা হয়েছে সেই উদ্দেশ্যে গাড়ি ব্যবহার না করে অন্য উদ্দেশ্যে ব্যবহার করা বাঞ্ছনীয় নয়। মন্ত্রণালয়কে ব্যবহারের জন্য প্রদত্ত গাড়িগুলোর জ্বালানী তেল দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক পরিশোধিত হয়েছে এমন কোন তথ্য নিরীক্ষার নিকট উপস্থাপন করা হয়নি। কাজেই আপত্তিকৃত জড়িত অর্থ সংশ্লিষ্ট ব্যক্তি/ ব্যক্তিবর্গের নিকট হতে আদায়যোগ্য। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় বরাবরে ০৯/০৭/২০১৯ খ্রি. তারিখে চূড়ান্ত প্রতিবেদন দাখিলের পর ২৭/০৮/২০১৯ খ্রি. তারিখের পত্র নং ৬৭ এর মাধ্যমে তাগিদপত্র ইস্যু করা হলেও অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ** : আপত্তিকৃত অর্থ জড়িত ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

# দ্বিতীয় অংশ

# পরিশিষ্টসমূহ

অনুচ্ছেদ নং-০১

পরিশিষ্ট-ক-১

লট নম্বর : ৩

কার্যাদেশ নম্বর ও তারিখ: ৫১.০১.০০০০.০১৬.০৭.০৭১.১৭.৩৬৫ তারিখ: ২৪/০৬/২০১৮ ও ৫১.০১.০০০০.০১৬.০৭.০৭১.১৭.৩৬৮ তারিখ ২৪/০৬/২০১৮

সর্বনিম্ন ও কার্যাদেশপ্রাপ্ত দরদাতার তুলনামূলক বিবরণী :

| চাহিত Specification | পরিমাণ | কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদার | | | সর্বনিম্ন ঠিকাদার | | | প্রতি মেট্রিক টনে পার্থক্য (৫-৮) (টাকা) | আর্থিক ক্ষতির পরিমাণ (২×৯) (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | নাম | সরবরাহকৃত টিনের Specification | দর প্রতি মেট্রিক টন (টাকা) | নাম | দরপত্রে উদ্ধৃত টিনের Specification | দর প্রতি মেট্রিক টন (টাকা) | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| দৈর্ঘ্য=২৭৫৮ মি.মি.<br>প্রস্থ=৭৮৫ মি.মি.<br>জিংক কোটিং =৮২৫ মি.মি.<br>বেসমেটাল পুরুত্ব=০.৩৯৪ মি.মি.<br>জিংক কোটিং এর<br>পরিমাণ ২২০ গ্রাম/বর্গ মি. | (৯৫৫+অতি. ১৪৩) = ১০৯৮ মে. টন | মেসার্স সানজি ট্রেড ইন্টারন্যাশনাল | দৈর্ঘ্য=২৭৪৯ মি.মি.<br>প্রস্থ=৮০২ মি.মি.<br>পুরুত্ব=০.৪১০ মি.মি.<br>জিংক কোটিং এর পরিমাণ=৩৬৬.০৩০ গ্রাম/বর্গ মি. | ১৪৬৫৫০ | এ্যাপোলো ইস্পাত কমপ্লেক্স লি. | দৈর্ঘ্য=২৭৫৯ মি.মি.<br>প্রস্থ=৮১৫ মি.মি.<br>পুরুত্ব=০.৪২০ মি.মি.<br>জিংক কোটিং এর পরিমাণ=৩৯৪.১৫০ গ্রাম/বর্গ মি. | ১৩৮৬৫০ | ৭৯০০ | ৮৬,৭৪,২০০ |

অনুচ্ছেদ নং-০১

পরিশিষ্ট-ক-২

লট নম্বর : ২

কার্যাদেশ নম্বর ও তারিখ: ৫১.০১.০০০০.০১৬.০৭.০৭০.১৭.৩৫২ তারিখ: ২৪/০৬/২০১৮ ও ৫১.০১.০০০০.০১৬.০৭.০৭০.১৭.৩৮১ তারিখ ২৪/০৬/২০১৮

সর্বনিম্ন ও কার্যাদেশপ্রাপ্ত দরদাতার তুলনামূলক বিবরণী :

| চাহিত Specification | পরিমাণ | কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদার | | | সর্বনিম্ন ঠিকাদার | | | প্রতি মেট্রিক টনে পার্থক্য (৫-৮) (টাকা) | আর্থিক ক্ষতির পরিমাণ (২×৯) (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | নাম | সরবরাহকৃত টিনের Specification | দর প্রতি মেট্রিক টন (টাকা) | নাম | দরপত্রে উদ্ধৃত টিনের Specification | দর প্রতি মেট্রিক টন (টাকা) | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| দৈর্ঘ্য=২৭৫৮ মি.মি<br>প্রস্থ=৭৮৫ মি.মি<br>জিংক কোটিং= ৮২৫ মি.মি<br>বেসমেটাল পুরুত্ব=০.৩৯৪ মি.মি<br>জিংক কোটিং এর<br>পরিমাণ= ২২০ গ্রাম/ মি.মি | (৯৫৫+ অতি. ১৪৩) = ১০৯৫ মেট্রিক টন | মেসার্স জেবি ইন্টারন্যাশনাল | দৈর্ঘ্য=২৭৪৯ মি.মি.<br>প্রস্থ=৮০২ মি.মি<br>পুরুত্ব=০.৪১০ মি.মি.<br>জিংক কোটিং এর<br>পরিমাণ=৩৬৬.০৩০<br>গ্রাম/ মি.মি. | ১৪৬৯০০ | এ্যাপোলো ইস্পাত কমপ্লেক্স লি. | দৈর্ঘ্য=২৭৫৯ মি.মি.<br>প্রস্থ=৮১৭ মি.মি.<br>পুরুত্ব=০.৪২০ মি.মি.<br>জিংক কোটিং এর<br>পরিমাণ=৩৭৯.৩০<br>গ্রাম/ মি.মি | ১৩৭৯২০ | ৮৯৮০ | ৯৮,৩৩,১০০ |
| | | | | | | | | পরিশিষ্ট ক-১ | ৮৬৭৪২০০ |
| | | | | | | | | মোট | ১,৮৫,০৭,৩০০ |

অনুচ্ছেদ নং-০২
পরিশিষ্ট-খ

বিষয় : পারস্পরিক যোগসাজশে একই পরিবারভুক্ত প্রতিষ্ঠানের মাধ্যমে শুকনা খাবার ক্রয়ে অর্থ পরিশোধের বিবরণী :

নিরীক্ষিত প্রতিষ্ঠান : দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা আর্থিক সন : ২০১৭-২০১৮

| বিল নং | তারিখ | বিবরণ | ঠিকাদার | পরিশোধিত টাকা |
|---|---|---|---|---|
| ৬২৫ | ২০-০৬-২০১৮ | শুকনা খবার ক্রয় | মেসার্স তালুকদার এন্ড কোং | ৮,৩৩,৩৩,২৪৪ |
| ২৫৪ | ২০-০৬-২০১৮ | ঐ | ঐ | ৮,৩৩,৩৩,২৪৪ |
| ৬৫৩ | ২৬-০৬-২০১৮ | ঐ | ঐ | ৮,৩৩,৩৩,২৪৪ |
| ১৪৯ | ১২-১১-২০১৭ | ঐ | মেসার্স প্রভাতী এন্ড কোং | ১৪,৯৯,৯৯,৩৬৩ |
| ৬৯৬ | ২৬-০৬-২০১৮ | ঐ | মেসার্স তালুকদার এন্ড কোং | ১,২৪,৯৯,১৭৭ |
| ৬১৪ | ২৬-০৬-২০১৮ | ঐ | ঐ | ১,২৪,৯৯,১৭৭ |
| ৬৯৫ | ২৬-০৬-২০১৮ | ঐ | ঐ | ১,২৪,৯৯,১৭৭ |
| | | | মোট | ৪৩,৭৪,৯৬,৬২৬ |

অনুচ্ছেদ নং-০২

পরিশিষ্ট-খ-১

| ক্রমিক নম্বর | প্রতিষ্ঠানের নাম | প্রতিষ্ঠানের মালিকের নাম | প্রতিষ্ঠানের বর্তমান ঠিকানা | প্রতিষ্ঠানের স্থায়ী ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | মেসার্স তালুকদার এন্ড কোং | আকাশ কুমার ভৌমিক<br>পিতা : জয়লাল ভৌমিক | ১৭৭, বিজয় নগর, ঢাকা | ১০৮৩, মেরাজ-নগর, ঢাকা | প্রতিষ্ঠান দুটি একই পরিবারভুক্ত এবং একই ঠিকানা বিশিষ্ট। |
| ২ | মেসার্স প্রভাতী এন্ড কোং | পপী রানী ভৌমিক<br>স্বামী : আকাশ কুমার ভৌমিক | ১৭৭, বিজয় নগর, ঢাকা | ১০৮৩, মেরাজ-নগর, ঢাকা | |

অনুচ্ছেদ নং-০২

পরিশিষ্ট-খ-২

তুলনামূলক বিবরণী:

| লট নম্বর | অংশগ্রহণকারী প্রতিষ্ঠান | নন রেসপনসিভ প্রতিষ্ঠান | রেসপনসিভ প্রতিষ্ঠান | সর্বনিম্ন দরদাতা হিসাবে কার্যাদেশ প্রাপ্ত |
|---|---|---|---|---|
| ১ম লট | (১) মেসার্স প্রভাতী এন্ড কোং<br>(২) মেসার্স তালুকদার এন্ড কোং<br>(৩)মেসার্স কাজলা ট্রেডিং<br>(৪) স্ট্যান্ডার্ডস বিজনেস লাইন<br>(৫) নিতী কনস্ট্রাকশন<br>(৬) মেসার্স ইন্দ্রনীল বিল্ডার্স এবং<br>(৭) মেসার্স জয় কনস্ট্রাকশন | (১) মেসার্স কাজলা ট্রেডিং<br>(২) স্ট্যান্ডার্ডস বিজনেস লাইন<br>(৩) মেসার্স ইন্দ্রনীল বিল্ডার্স এবং<br>(৪) মেসার্স জয় কনস্ট্রাকশন | (১) মেসার্স প্রভাতী এন্ড কোং<br>(২) মেসার্স তালুকদার এন্ড কোং<br>(৩) নিতী কনস্ট্রাকশন | (১) মেসার্স তালুকদার এন্ড কোং |
| ২য় লট | (১) মেসার্স প্রভাতী এন্ড কোং<br>(২) মেসার্স তালুকদার এন্ড কোং<br>(৩) মেসার্স কাজলা ট্রেডিং<br>(৪) স্ট্যান্ডার্ডস বিজনেস লাইন<br>(৫) মেসার্স ইন্দ্রনীল বিল্ডার্স<br>(৬) মেসার্স জয় কনস্ট্রাকশন | (১) মেসার্স কাজলা ট্রেডিং<br>(২) স্ট্যান্ডার্ডস বিজনেস লাইন<br>(৩) মেসার্স ইন্দ্রনীল বিল্ডার্স<br>(৪) মেসার্স জয় কনস্ট্রাকশন | (১) মেসার্স প্রভাতী এন্ড কোং<br>(২) মেসার্স তালুকদার এন্ড কোং | (১) মেসার্স তালুকদার এন্ড কোং |
| ৩য় লট | (১) মেসার্স প্রভাতী এন্ড কোং<br>(২)মেসার্স তালুকদার এন্ড কোং<br>(৩)মেসার্স কাজলা ট্রেডিং<br>(৪) স্ট্যান্ডার্ডস বিজনেস লাইন<br>(৫)মেসার্স ইন্দ্রনীল বিল্ডার্স<br>(৬)মেসার্স জয় কনস্ট্রাকশন | (১) মেসার্স কাজলা ট্রেডিং<br>(২) স্ট্যান্ডার্ডস বিজনেস লাইন<br>(৩) মেসার্স ইন্দ্রনীল বিল্ডার্স<br>(৪) মেসার্স জয় কনস্ট্রাকশন | (১) মেসার্স প্রভাতী এন্ড কোং<br>(২) মেসার্স তালুকদার এন্ড কোং | (১) মেসার্স তালুকদার এন্ড কোং |

অনুচ্ছেদ নং-০৩

পরিশিষ্ট-গ

বিষয়: যোগসাজশমূলক কার্য সম্পাদনের মাধ্যমে কম্বল ক্রয় বাবদ ব্যয় এর বিবরণী:

নিরীক্ষিত প্রতিষ্ঠান: দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা আর্থিক সন: ২০১৭-২০১৮

| ক্রমিক নং | ঠিকাদারী প্রতিষ্ঠানের নাম | ট্রেড-লাইসেন্স নম্বর/TIN নম্বর | মালিকের নাম | আবাসিক ঠিকানা (বর্তমান/স্থায়ী) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | মেসার্স জয় কনস্ট্রাকশন | ট্রেড লাইসেন্স নম্বর ০২০৭২১১৫ | প্রিয় বালা ভৌমিক | ১৭৭ বিজয়নগর, ঢাকা বর্তমান ১০৮৩ মেরাজনগর, কদমতলী, ঢাকা (স্থায়ী) | - |
| ২ | মেসার্স প্রভাতী এন্ড কোং | ট্রেড লাইসেন্স নম্বর ০১০৪১৮২৯ | পপি রানি ভৌমিক | ঐ | - |
| ৩ | মেসার্স তালুকদার এন্ড কোং | ট্রেড লাইসেন্স নম্বর ০২০৪১৮০৯ | আকাশ কুমার ভৌমিক | ঐ | - |
| ৪ | ইন্দ্রনীল বিল্ডার্স | ট্রেড লাইসেন্স নম্বর ০২০৬৭৭৩৯ | হেমন্ত কুমার ভৌমিক | ঐ | - |
| ৫ | কাজলা টেকনোলজিস | টিআইএন নং ১৮৮৬৫৪৫২৬৯৯৬ | রূপাই হোসেন | বাড়ী নং ৩৮, সড়ক নং-১১, সেক্টর-৪ উত্তরা, ঢাকা | মালিক ও TIN একই |
| ৬ | কাজলা ট্রেডিং | ঐ | ঐ | ঐ | - |

অনুচ্ছেদ নং-০৪
পরিশিষ্ট-ঘ

বিষয় : ঠিকাদার/সরবরাহকারীর পরিশোধিত মোট বিল হতে প্রযোজ্য হারে উৎসে আয়কর কর্তন না করায় সরকারের আর্থিক ক্ষতির সারসংক্ষেপ :

| ক্রমিক নং | ইউনিটের নাম | অর্থ বছর | পরিশিষ্ট | জড়িত টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা | ২০১৭-২০১৮ | পরিশিষ্ট ঘ-১ | ৯৩,০৩,৫১৫ | |
| ২ | | ২০১৭-২০১৮ | পরিশিষ্ট ঘ-২ | ৮,৮০,১১৩ | |
| | | | মোট | ১,০১,৮৩,৬২৮ | |

অনুচ্ছেদ নং-০৪

পরিশিষ্ট-ঘ-১

বিষয় : ঠিকাদার/সরবরাহকারীর পরিশোধিত মোট বিল হতে প্রযোজ্য হারে উৎসে আয়কর কর্তন না করায় সরকারের আর্থিক ক্ষতির বিবরণী :

এস.আর.ও. নং-২৫৭-আইন/২০১৭ তাং-০১/০৮/১৭ এবং আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর সেকশন ৫২ এবং আয়কর বিধিমালা, ১৯৮৪ এর বিধি ১৬

| ক্রমিক নং | বিল নং ও তারিখ | বিলের বিবরণ | সরবরাহকারী প্রতিষ্ঠানের নাম | পরিশোধকৃত বিলের পরিমাণ (টাকা) | কর্তনের হার | কর্তনযোগ্য আয়কর (টাকা) | কর্তনকৃত আয়কর (টাকা) | কম কর্তনকৃত আয়কর (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ৩২৩, ১১/০২/১৮<br>৩২৫, ১১/০২/১৮ | কম্বল সরবরাহ | মেসার্স তালুকদার এন্ড কোং<br>মেসার্স তালুকদার এন্ড কোং | ৯,৮৯,৯৯,৫০১<br>৯,৮৯,৯৯,৭৬৫<br>১৯,৭৯,৯৯,২৬৬ | ৭% | ১,৩৮,৫৯,৯৪৯ | ১,১৮,৭৯,৯৫৬ | ১৯,৭৯,৯৯৩ | মেসার্স কাজলা টেকনোলজি এবং কাজলা ট্রেডিং একই ব্যক্তি এবং TIN নম্বর একই |
| ২ | ৭১৭, ২৭/০৬/১৮<br>৪২৭, ১৮/০৪/১৮ | কম্বল সরবরাহ | মেসার্স প্রভাতী এন্ড কোং<br>মেসার্স প্রভাতী এন্ড কোং | ১,৪৯,৯৯.৪৭৮<br>৯,৮৯,৯৯,৮৭২<br>১১,৩৯,৯৯,৩৫০ | ৭% | ৭৯,৭৯,৯৫৫ | ৬৯,৮৯,৯৬২ | ৯,৮৯,৯৯৩ | |
| ৩ | ৩২৬, ১৮/০৪/১৮<br>৩২৪, ১০/০২/১৮ | কম্বল সরবরাহ | মেসার্স কাজলা টেকনোলজি<br>মেসার্স কাজলা ট্রেডিং | ৯,৮৯,৯৯,৬২৫<br>৯,৮৯,৯৯,৫১৮<br>১৯,৭৯,৯৯,১৪৩ | ৭% | ১,৩৮,৫৯,৯৪০ | ১,১৮,৭৯,৯৫৪ | ১৯,৭৯,৯৮৪ | |
| ৪ | ১০৮, ০৮/১০/১৭<br>৬৪৮, ২০/০৬/১৮<br>৬৫০, ২০/০৬/১৮ | তাবু ক্রয় বাবদ<br>তাবু ক্রয় বাবদ<br>তাবু ক্রয় বাবদ | মেসার্স কম্পিউটার ওয়ার্ড(বিডি)<br>মেসার্স কম্পিউটার ওয়ার্ড(বিডি)<br>মেসার্স কম্পিউটার ওয়ার্ড(বিডি) | ৯,৭৪,৫৪,৫১৫<br>১৯,৯৯,২৫,০০০<br>১৯,৯৯,২৫,১০০<br>৪৯,৭৩,০৪,৬১৫ | ৭% | ৩,৪৮,১১,৩২৩ | ৩,৩৮,৩৬,৭৮৫ | ৯,৭৪,৫৩৮ | |
| ৫ | ১১১, ০৯/১০/২০১৭ | তাবু ক্রয় বাবদ | মেসার্স মিজান কনস্ট্রাকশন লি. | ৯,৭৪,০৯,০০০ | ৬% | ৫৮,৪৪,৫৪০ | ৪৮,৭০,৪৫০ | ৯,৭৪,০৯০ | |
| ৬ | ৫২৪, ০৭/৬/১৮<br>৭৫, ২৭/৯/১৭<br>৩০৫, ০৪/২/১৮<br>৪৪২, ০৭/৫/১৮<br>৭৪, ২৭/৯/১৭<br>৪৪৩, ০৭/৫/১৮ | কম্বল ও অন্যান্য সামগ্রী পরিবহন, লোডিং ও আনলোডিং বাবদ<br>"<br>" | মেসার্স শাম্মী এজেন্সি লি.<br>"<br>"<br>"<br>"<br>মেসার্স শাম্মী এজেন্সি লি. | ৭৩,৪৮,১৭৯<br>৮২,৭০,০১৮<br>২০,৩২,৪৪৫<br>৫,৯৭,৪০৭<br>৮,৯৩,১৫৪<br>৯,৪৬,১৪৪ | ৫% | ২১,০১,৪৬১ | ১৫,৮৭,৭৯৫ | ৫,১৩,৬৬৬ | |

| ক্রমিক নং | বিল নং ও তারিখ | বিলের বিবরণ | সরবরাহকারী প্রতিষ্ঠানের নাম | পরিশোধকৃত বিলের পরিমাণ (টাকা) | কর্তনের হার | কর্তনযোগ্য আয়কর (টাকা) | কর্তনকৃত আয়কর (টাকা) | কম কর্তনকৃত আয়কর (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ৫৪৮, ১১/৬/১৮ | ” | | ১৫,০৪,৮৯৫ | | | | | |
| | ৩০৭, ০৪/২/১৮ | ” | | ৮১,৯৩,৬৬০ | | | | | |
| | ৩০৬, ০৪/২/১৮ | ” | | ১,২২,৪৩,৩১৫ | | | | | |
| | | | | ৪,২০,২৯,২১৭ | | | | | |
| ৭ | ৪২৮, ২২/৪/১৮ | কম্বল ও অন্যান্য সামগ্রী পরিবহন, লোডিং ও আনলোডিং বাবদ | মেসার্স সাম সিন্ডিকেট | ৩৫,০০,৭০২ | ৬% | ৫৭,২৩,৫৭০ | ৩৮,৩২,৩১৯ | ১৮,৯১,২৫১ | |
| | ৪৪৪, ১০/৫/১৮ | | ” | ১৯,৩৪,৩৭৬ | | | | | |
| | ৬৯, ২৬/৯/১৭ | | ” | ১,২০,২৮,২৪৯ | | | | | |
| | ৭২০, ২৭/৬/১৮ | | ” | ৫৮,৪৪,০৭৯ | | | | | |
| | ১৭২, ১৪/১১/১৭ | ” | ” | ৫৮,৭৩,২০৩ | | | | | |
| | ৪২৫, ২৮/৪/১৮ | ” | ” | ৭৬,১৫,১৬৩ | | | | | |
| | ৪১৩, ১৬/৪/১৮ | ” | ” | ১,২৭,৩৯,১৬৪ | | | | | |
| | ২৮৮, ২৫/১/১৮ | ” | ” | ১,০০,১০,৫২১ | | | | | |
| | ৩০৮, ৪/২/১৮ | ” | ” | ১,৬৪,৬৪,৭৩২ | | | | | |
| | ২৭১, ১৬/১/১৮ | ” | ” | ২৬,৪১,৮১২ | | | | | |
| | ১০৭, ২৬/৮/১৭ | ” | ” | ১,৫৮,৩১,৯৫৪ | | | | | |
| | ৭০, ২৬/৯/১৭ | ” | ” | ৯,০৮,৮৮১ | | | | | |
| | | | | ৯,৫৩,৯২,৮৩৬ | | | | | |
| | | | | | | | মোট | ৯৩,০৩,৫১৫ | |

অনুচ্ছেদ নং-০৪

পরিশিষ্ট-ঘ-২

বিষয়: ঠিকাদার/সরবরাহকারীর পরিশোধিত মোট বিল হতে প্রযোজ্য হারে উৎসে আয়কর কর্তন না করায় সরকারের আর্থিক ক্ষতির বিবরণী:

এস.আর.ও. নং-২৫৭-আইন/২০১৭ তাং-০১/০৮/১৭ এবং আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর সেকশন ৫২ এবং আয়কর বিধিমালা, ১৯৮৪ এর বিধি ১৬

| ক্রমিক নং | অর্থ বছর | বিলের বিবরণ | সরবরাহকারী প্রতিষ্ঠানের নাম | মোট পরিশোধিত বিলের পরিমাণ (টাকা) | হার | কর্তনযোগ্য আয়কর (টাকা) | কর্তনকৃত আয়কর (টাকা) | কম কর্তন (৭-৮) (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | ২০১৭-২০১৮ | আউটসোর্সিং খাতে জনবল সরবরাহের বিল বাবদ | মেসার্স কৃষ্ণা সিকিউরিটি সার্ভিসেস লি. | ৪,৯৬,১৮,২০৩ | পরিশোধিত বিলের ১২% এর ১২% | ৪,৯৬,১৮,২০৩×১২%×১২% =৭,১৪,৫০২ | ৪,৪৪১ | ৭,১০,০৬১ |
| ২ | ২০১৭-২০১৮ | আউটসোর্সিং খাতে জনবল সরবরাহের বিল বাবদ | মেসার্স হেভেন ট্রেড ইন্টারন্যাশনাল | ১,৮২,৯১,১১৪ | পরিশোধিত বিলের ১২% এর ১২% | ১,৮২,৯১,১১৪ ×১২%×১২% =২,৬৩,৩৯২ | ৯৩,৩৪০ | ১,৭০,০৫২ |
| | | | | | | | মোট | ৮,৮০,১১৩ |

অনুচ্ছেদ নং-০৫
পরিশিষ্ট-৬

বিষয়: সেতু/কালভার্ট নির্মাণ প্রকল্পের গাড়ি, প্রকল্পের কাজে ব্যবহার না করে মন্ত্রণালয়ের বিভিন্ন কাজে ব্যবহার করায় জ্বালানী বাবদ অনিয়মিতভাবে পরিশোধের সারসংক্ষেপ :

| ক্রমিক নং | ইউনিটের নাম | অর্থ বছর | পরিশিষ্ট | জড়িত টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা | ২০১৭-২০১৮ | পরিশিষ্ট ৬-১ | ২২,১৯,৪৪৩ | |
| ২ | | ২০১৭-২০১৮ | পরিশিষ্ট ৬-২ | ৮,২১,৯৩০ | |
| | | | সর্বমোট | ৩০,৪১,৩৭৩ | |

বিষয়: সেতু/কালভার্ট নির্মাণ প্রকল্পের গাড়ি, প্রকল্পের কাজে ব্যবহার না করে মন্ত্রণালয়ের বিভিন্ন কাজে ব্যবহার করায় জ্বালানী বাবদ অনিয়মিতভাবে পরিশোধের বিবরণী:

| ক্রমিক নং | বিল নং | তারিখ | গাড়ি নং | পরিশোধিত টাকা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | ৩৮ | ২৯/০৮/২০১৭ | ঢাকা মেট্রো-ঘ-৪৫৭৬ | ২৩,০০০ | মন্ত্রনালয়কে প্রদেয় গাড়ীর জ্বালানী |
| ২। | ৩৭ | ২৯/০৮/২০১৭ | -ঐ- | ১৭,৫৪০ | -ঐ- |
| ৩। | ৩৬ | ২৯/০৮/২০১৭ | -ঐ- | ৩,৯৭৫ | -ঐ- |
| ৪। | ৩৯ | ২৯/০৮/২০১৭ | -ঐ- | ২১,৮৮৮ | -ঐ- |
| ৫। | ১২৪ | ২৩/১০/২০১৭ | -ঐ- | ১৫,২৩৫ | -ঐ- |
| ৬। | ১২৫ | ২৩/১০/২০১৭ | -ঐ- | ২৩,৪৬৮ | -ঐ- |
| ৭। | ১৮১ | ২৮/১১/২০১৭ | -ঐ- | ২৩,৬৫৩ | -ঐ- |
| ৮। | ১৮২ | ২৮/১১/২০১৭ | -ঐ- | ৯,১৯৫ | -ঐ- |
| ৯। | ২২৪ | ২৭/১২/২০১৭ | -ঐ- | ২২,০৮৭ | -ঐ- |
| ১০। | ২২৫ | ২৭/১২/২০১৭ | -ঐ- | ৯,১৯৫ | -ঐ- |
| ১১। | ২৮৭ | ২৩/০১/২০১৮ | -ঐ- | ২৭,২৫০ | -ঐ- |
| ১২। | ২৮৬ | ২৩/০১/২০১৮ | -ঐ- | ২১,৯৩২ | -ঐ- |
| ১৩। | ৩৩২ | ২৮/০২/২০১৮ | -ঐ- | ১৪,৫৩৫ | -ঐ- |
| ১৪। | ৩৩৩ | ২৮/০২/২০১৮ | -ঐ- | ১৯,৩৭১ | -ঐ- |
| ১৫। | ৩৯৩ | ০২/০৪/২০১৮ | -ঐ- | ১৯,৭৫৭ | -ঐ- |
| ১৬। | ৩৯৪ | ০২/০৪/২০১৮ | -ঐ- | ১০,৫৩০ | -ঐ- |
| ১৭। | ৪২৯ | ২৪/০৪/২০১৮ | -ঐ- | ১৯,০৬০ | -ঐ- |
| ১৮। | ৪৩০ | ২৪/০৪/২০১৮ | -ঐ- | ১৫,৮৭০ | -ঐ- |
| ১৯। | ৫৫০ | ১২/০৬/২০১৮ | -ঐ- | ১৫,২৩৫ | -ঐ- |
| ২০। | ৩৮ | ২৯/০৮/২০১৭ | ঢাকা মেট্রো-ঘ-১৩-৮৪৫৫ | ২৭,৩২১ | -ঐ- |
| ২১। | ৩৭ | ২৯/০৮/২০১৭ | -ঐ- | ২৩,৭৫৫ | -ঐ- |
| ২২। | ৩৬ | ২৯/০৮/২০১৭ | -ঐ- | ৩,৯৭৫ | -ঐ- |
| ২৩। | ৩৯ | ২৯/০৮/২০১৭ | -ঐ- | ৩৬,৮০০ | -ঐ- |
| ২৪। | ১২৪ | ২৩/১০/২০১৭ | -ঐ- | ৯,১৯৫ | -ঐ- |
| ২৫। | ১২৫ | ২৩/১০/২০১৭ | -ঐ- | ৩৬,০৮৬ | -ঐ- |
| ২৬। | ১৮১ | ২৮/১১/২০১৭ | -ঐ- | ২৮,১৬০ | -ঐ- |
| ২৭। | ১৮২ | ২৮/১১/২০১৭ | -ঐ- | ১৫,৪২৫ | -ঐ- |
| ২৮। | ২২৪ | ২৭/১২/২০১৭ | -ঐ- | ২৭,২৩৭ | -ঐ- |
| ২৯। | ২২৫ | ২৭/১২/২০১৭ | -ঐ- | ২৭,৪৪০ | -ঐ- |
| ৩০। | ২৮৭ | ২৩/০১/২০১৮ | -ঐ- | ১০,৯৭৫ | -ঐ- |
| ৩১। | ২৮৬ | ২৩/০১/২০১৮ | -ঐ- | ৩৬,২৫৪ | -ঐ- |
| ৩২। | ৩৩২ | ২৮/০২/২০১৮ | -ঐ- | ১৫,২৩৫ | -ঐ- |
| ৩৩। | ৩৩৩ | ২৮/০২/২০১৮ | -ঐ- | ৩৬,৮৮৫ | -ঐ- |
| ৩৪। | ৩৯৩ | ০২/০৪/২০১৮ | -ঐ- | ৩২,০৫০ | -ঐ- |
| ৩৫। | ৩৯৪ | ০২/০৪/২০১৮ | -ঐ- | ৮,৩০৫ | -ঐ- |
| ৩৬। | ৪২৯ | ২৪/০৪/২০১৮ | -ঐ- | ৩৫,৬৬৩ | -ঐ- |
| ৩৭। | ৪৩০ | ২৪/০৪/২০১৮ | -ঐ- | ১১,৪২০ | -ঐ- |

| ক্রমিক নং | বিল নং | তারিখ | গাড়ি নং | পরিশোধিত টাকা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৩৮। | ৫৫০ | ১২/০৬/২০১৮ | -ঐ- | ৩,৮৫৫ | -ঐ- |
| ৩৯। | ৩৭ | ২৯/০৮/২০১৭ | ঢাকা মেট্রো-ঘ-১৫-০৯৩৩ | ২৫,৭৮০ | -ঐ- |
| ৪০। | ৩৬ | ২৯/০৮/২০১৭ | -ঐ- | ২৫,৭৮০ | -ঐ- |
| ৪১। | ১২৪ | ২৩/১০/২০১৭ | -ঐ- | ৪২,৫৭০ | -ঐ- |
| ৪২। | ১৮২ | ২৮/১১/২০১৭ | -ঐ- | ৩১,৭০০ | -ঐ- |
| ৪৩। | ২২৫ | ২৭/১২/২০১৭ | -ঐ- | ২৫,৬৬০ | -ঐ- |
| ৪৪। | ২৮৭ | ২৩/০১/২০১৮ | -ঐ- | ৩০,৫৫৫ | -ঐ- |
| | ৩৩২ | ২৮/০২/২০১৮ | -ঐ- | ৩৫,২৬০ | -ঐ- |
| ৪৫। | ৩৯৪ | ০২/০৪/২০১৮ | -ঐ- | ৩১,০০০ | -ঐ- |
| ৪৬। | ৪৩০ | ২৪/০৪/২০১৮ | -ঐ- | ৩২,৩৩৫ | -ঐ- |
| ৪৭। | ৫৫০ | ১২/০৬/২০১৮ | -ঐ- | ৪০,৬০০ | -ঐ- |
| ৪৮। | ৩৭ | ২৯/০৮/২০১৭ | ঢাকা মেট্রো-ঘ-১৩-৭৯৪৬ | ৩,৯৭৫ | -ঐ- |
| ৪৯। | ৩৬ | ২৯/০৮/২০১৭ | -ঐ- | ৩,৯৭৫ | -ঐ- |
| ৫০। | ৩৯ | ২৯/০৮/২০১৭ | -ঐ- | ১৯,৯৬০ | -ঐ- |
| ৫১। | ১২৪ | ২৩/১০/২০১৭ | -ঐ- | ১৫,২৩৫ | -ঐ- |
| ৫২। | ১২৫ | ২৩/১০/২০১৭ | -ঐ- | ২২,৩৭২ | -ঐ- |
| ৫৩। | ১৮১ | ২৮/১১/২০১৭ | -ঐ- | ২১,২৩৫ | -ঐ- |
| ৫৪। | ১৮২ | ২৮/১১/২০১৭ | -ঐ- | ৩,৮৫৫ | -ঐ- |
| ৫৫। | ২২৪ | ২৭/১২/২০১৭ | -ঐ- | ২৮,৮৩২ | -ঐ- |
| ৫৬। | ২২৫ | ২৭/১২/২০১৭ | -ঐ- | ২০,৫৭৫ | -ঐ- |
| ৫৭। | ২৮৭ | ২৩/০১/২০১৮ | -ঐ- | ১১,৮৬৫ | -ঐ- |
| ৫৮। | ২৮৬ | ২৩/০১/২০১৮ | -ঐ- | ২৭,০২২ | -ঐ- |
| ৫৯। | ৩৩২ | ২৮/০২/২০১৮ | -ঐ- | ৩,৮৫৫ | -ঐ- |
| ৬০। | ৩৩৩ | ২৮/০২/২০১৮ | -ঐ- | ৩১,২০০ | -ঐ- |
| ৬১। | ৩৯৩ | ০২/০৪/২০১৮ | -ঐ- | ২৫,৮০০ | -ঐ- |
| ৬২। | ৩৯৪ | ০২/০৪/২০১৮ | -ঐ- | ১৫,২৩৫ | -ঐ- |
| ৬৩। | ৪২৯ | ২৪/০৪/২০১৮ | -ঐ- | ২৮,৮২৮ | -ঐ- |
| ৬৪। | ৪৩০ | ২৪/০৪/২০১৮ | -ঐ- | ৯,১৯৫ | -ঐ- |
| ৬৫। | ৫৫০ | ১২/০৬/২০১৮ | -ঐ- | ১৫,২৩৫ | -ঐ- |
| ৬৬। | ৩৭ | ২৯-০৮-২০১৭ | ঢাকা মেট্রো-ঘ-১১-৭৩৯৩ | ৫২,৩৮৫ | -ঐ- |
| ৬৭। | ৩৬ | ২৯-০৮-২০১৭ | -ঐ- | ৪০,২২০ | -ঐ- |
| ৬৮। | ১২৪ | ২৩/১০/২০১৭ | -ঐ- | ৬১,৪৪৫ | -ঐ- |
| ৬৯। | ১৮২ | ২৮/১১/২০১৭ | -ঐ- | ৩৭,৮৪৫ | -ঐ- |
| ৭০। | ২২৫ | ২৭/১২/২০১৭ | -ঐ- | ৪৮,১৮০ | -ঐ- |
| ৭১। | ২৮৭ | ২৩/০১/২০১৮ | -ঐ- | ৪৮,৯৩০ | -ঐ- |
| ৭২। | ৩৩২ | ২৮/০২/২০১৮ | -ঐ- | ৬১,৩৪৫ | -ঐ- |
| ৭৩। | ৩৯৪ | ০২/০৪/২০১৮ | -ঐ- | ৪৫,০৩০ | -ঐ- |
| ৭৪। | ৪৩০ | ২৪/০৪/২০১৮ | -ঐ- | ৪৯,৫১৫ | -ঐ- |
| ৭৫। | ৫৫০ | ১২/০৬/২০১৮ | -ঐ- | ৫৩,২৬৫ | -ঐ- |
| ৭৬। | ৩৭ | ২৯/০৮/২০১৭ | ঢাকা মেট্রো-ঘ-১৩-৩৬৫৪ | ৪,৬৩৫ | -ঐ- |
| ৭৭। | ৩৮ | ২৯/০৮/২০১৭ | -ঐ- | ২২,৩২০ | -ঐ- |
| ৭৮। | ৩৬ | ২৯/০৮/২০১৭ | -ঐ- | ৩,৯৭৫ | -ঐ- |
| ৭৯। | ৩৯ | ২৯/০৮/২০১৭ | -ঐ- | ২৩,১২০ | -ঐ- |
| ৮০। | ১২৪ | ২৩/১০/২০১৭ | -ঐ- | ৩,৮৫৫ | -ঐ- |
| ৮১। | ১২৫ | ২৩/১০/২০১৭ | -ঐ- | ২৯,৬৩৮ | -ঐ- |
| ৮২। | ১৮১ | ২৮/১১/২০১৭ | -ঐ- | ৩১,৩১৮ | -ঐ- |
| ৮৩। | ১৮২ | ২৮/১১/২০১৭ | -ঐ- | ৩,৮৫৫ | -ঐ- |
| ৮৪। | ২২৪ | ২৭/১২/২০১৭ | -ঐ- | ৩২,৭২২ | -ঐ- |
| ৮৫। | ২২৫ | ২৭/১২/২০১৭ | -ঐ- | ৩,৮৫৫ | -ঐ- |

| ক্রমিক নং | বিল নং | তারিখ | গাড়ি নং | পরিশোধিত টাকা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৮৬। | ২৮৭ | ২৩/০১/২০১৮ | -ঐ- | ৩,৮০৫ | -ঐ- |
| ৮৭। | ২৮৬ | ২৩/০১/২০১৮ | -ঐ- | ৩০,৭৩৪ | -ঐ- |
| ৮৮। | ৩৩২ | ২৮/০২/২০১৮ | -ঐ- | ১৪,৭৩৫ | -ঐ- |
| ৮৯। | ৩৩৩ | ২৮/০২/২০১৮ | -ঐ- | ৩৭,২৪১ | -ঐ- |
| ৯০। | ৩৯৩ | ০২/০৪/২০১৮ | -ঐ- | ৩০,৫৬০ | -ঐ- |
| ৯১। | ৩৯৪ | ০২/০৪/২০১৮ | -ঐ- | ৫,১৯০ | -ঐ- |
| ৯২। | ৪২৯ | ২৪/০৪/২০১৮ | -ঐ- | ৩৯,৭০৯ | -ঐ- |
| ৯৩। | ৪৩০ | ২৪/০৪/২০১৮ | -ঐ- | ৬,৯৭০ | -ঐ- |
| ৯৪। | ৫৫০ | ১২/০৬/২০১৮ | -ঐ- | ৪,৭৪৫ | -ঐ- |
| | | | মোট | ২২,১৯,৪৪৩ | |

অনুচ্ছেদ নং-০৫

পরিশিষ্ট-৬-২

বিষয়: সেতু/কালভার্ট নির্মাণ প্রকল্পের গাড়ি, প্রকল্পের কাজে ব্যবহার না করে মন্ত্রণালয়ের বিভিন্ন কাজে ব্যবহার করায় জ্বালানী বাবদ অনিয়মিতভাবে পরিশোধের বিবরণী :

| বিল নং | তারিখ | গাড়ি নং | পরিশোধিত টাকা | ব্যবহারকারী |
|---|---|---|---|---|
| ৭৪ | ২৩-০১-১৮ | | ৪৫,২৭০ | সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী |
| ১০২ | ২০-০৩-১৮ | ৭৫৯১ | ৩৫,২৫০ | ঐ- |
| ১১৬ | ১৬-০৪-১৮ | ৭৫৯১ | ৩৭,৯৫০ | ঐ- |
| নাই | নাই | ৭৫৯১ | ৩৩,৪০০ | ঐ- |
| ১৭১ | ১১-০৬-১৮ | ৭৫৯১ | ৪১,১০০ | ঐ- |
| ৮৬ | ১৮-০২-১৮ | ৭৫৯১ | ৩৮,৬০০ | ঐ- |
| | | মোট | ২,৩১,৫৭০ | |

| বিল নং | তারিখ | গাড়ি নং | পরিশোধিত টাকা | ব্যবহারকারী |
|---|---|---|---|---|
| ৭৪ | ২৩-০১-১৮ | ৭৫৮৭ | ১৫,৮৯০ | সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সংসদীয় স্থায়ী কমিটির মাননীয় সভাপতি |
| ১০২ | ২০-০৩-১৮ | ৭৫৮৭ | ১৫,৮৫০ | ঐ- |
| ১১৬ | ১৬-০৪-১৮ | ৭৫৮৭ | ২০,৪০০ | ঐ- |
| নাই | নাই | ৭৫৮৭ | ২১,৭০০ | ঐ- |
| ১৭১ | ১১-০৬-১৮ | ৭৫৮৭ | ২৫,৫০০ | ঐ- |
| ৮৬ | ১৮-০২-১৮ | ৭৫৮৭ | ৩৭,৭৮০ | ঐ- |
| | | মোট | ১,৩৭,১২০ | |

| বিল নং | তারিখ | গাড়ি নং | পরিশোধিত টাকা | ব্যবহারকারী |
|---|---|---|---|---|
| ৭৪ | ২৩-০১-১৮ | ৭৫৮৫ | ২৮,৯২০ | সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাননীয় অতিরিক্ত সচিব |
| ১১২ | ২০-০৩-১৮ | ৭৫৮৫ | ৩৪,৫৬০ | ঐ- |
| ১১৬ | ১৬-০৪-১৮ | ৭৫৮৫ | ২৯,৫০০ | ঐ- |
| নাই | নাই | ৭৫৮৫ | ৩০,৮০০ | ঐ- |
| ১৭১ | ১১-০৬-১৮ | ৭৫৮৫ | ৩৯,০৫০ | ঐ- |
| ৮৬ | ১৮-০২-১৮ | ৭৫৮৫ | ৩০,১৬০ | ঐ- |
| | | মোট | ১,৯২,৯৯০ | |

| বিল নং | তারিখ | গাড়ি নং | পরিশোধিত টাকা | ব্যবহারকারী |
|---|---|---|---|---|
| ৭৪ | ২৩-০১-১৮ | ৭৫৯৯ | ৩৮,৮৭০ | সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাননীয় সচিব |
| ১০২ | ২০-০৩-১৮ | ৭৫৯৯ | ২৪,৩০০ | ঐ- |
| ১১৬ | ১৬-০৪-১৮ | ৭৫৯৯ | ২১,৭০০ | ঐ- |
| নাই | নাই | ৭৫৯৯ | ৩৩,২৩০ | ঐ- |
| ১৭১ | ১১-০৬-১৮ | ৭৫৯৯ | ২৫,৬০০ | ঐ- |
| ৮৬ | ১৮-০২-১৮ | ৭৫৯৯ | ৩০,১৫০ | ঐ- |
| | | মোট | ১,৭৩,৮৫০ | |

| বিল নং | তারিখ | গাড়ি নং | পরিশোধিত টাকা | ব্যবহারকারী |
|---|---|---|---|---|
| ১১২ | ২০-০৩-১৮ | ৭৫৮৩ | ১৭,৮০০ | সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাননীয় অতিরিক্ত সচিব |
| ১১৬ | ১৬-০৪-১৮ | ৭৫৮৩ | ১৭,৮০০ | ঐ- |
| নাই | নাই | ৭৫৮৩ | ১৪,৫৫০ | ঐ- |
| ১৭১ | ১১-০৬-১৮ | ৭৫৮৩ | ২২,৩৫০ | ঐ- |
| ৮৬ | ১৮-০২-১৮ | ৭৫৮৩ | ১৩,৯০০ | ঐ- |
| | | মোট | ৮৬,৪০০ | |
| সর্বমোট (২,৩১,৫৭০ + ১,৩৭,১২০ +১,৭৩,৮৫০ +১,৯২,৯৯০ +৮৬,৪০০) | | | ৮,২১,৯৩০ | |

তারিখঃ ১৬/০৬/১৪২৮ বঙ্গাব্দ / ২৭/০৭/২০২১ খ্রিস্টাব্দ।

মহাপরিচালক
সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তর
অডিট কমপ্লেক্স (৯মতলা)
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
ফোন ঃ ৮৩৯২৫২৯

শেখ মোহাম্মদ ওমর ফারুক
মহাপরিচালক
সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তর
অডিট কমপ্লেক্স, ৯ম তলা, সেগুনবাগিচা, ঢাকা।